



NEW YORK CITY DEPARTMENT OF  
HEALTH AND MENTAL HYGIENE  
Michelle Morse, MD, MPH  
Interim Commissioner

NEW YORK CITY DEPARTMENT  
OF EDUCATION  
Melissa Aviles-Ramos  
Chancellor

OFFICE OF  
SCHOOL HEALTH

তারিখ: \_\_\_\_\_

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

অনুগ্রহ করে জেনে রাখুন আপনার সন্তানের ক্লাসের একজন শিক্ষার্থীর মাথায় উকুন হয়েছে। মাথার উকুন সাধারণত স্কুলগামী শিক্ষার্থীদের হয়ে থাকে। মাথার উকুন নোংরামির কোনো লক্ষণ নয় এবং এটা যে কারো হতে পারে। উকুন থেকে রোগ জিবানু ছড়ায় না এবং কারো স্বাস্থ্য হানি ঘটায় না।

উকুন একজন থেকে অন্যজনের কাছে ছড়ায় সংস্পর্শের মাধ্যমে এবং একজনের কাপড় আরেকজন পরার মাধ্যমে। মাথার উকুনের কারণে সাধারণত মাথার পিছে, ঘাড়ে এবং কানের পিছে চুলকায়। অনেক ক্রিম এবং শ্যাম্পু দোকানে কিনতে পাবেন অথবা আপনার ডাক্তারও প্রেসক্রিপশন দিতে পারে।

নিউ ইয়র্ক সিটি স্কুলগুলোতে “নো হেড লাইস” (“no head lice”) নিয়ম প্রচলিত আছে, তার মানে হচ্ছে কোনো শিক্ষার্থীর মাথায় উকুন পাওয়া গেলে যতক্ষণ পর্যন্ত না তার উকুন নিরসনের ব্যবস্থা নেয়া হচ্ছে ততক্ষণ পর্যন্ত তাকে স্কুলে আসার অনুমতি দেয়া হবে না। শিক্ষার্থীর মাথায় উকুন আছে কিনা তা পরীক্ষা করে তারপর তাকে স্কুলে আসতে দেয়া হবে।

আমাদের পরামর্শ হচ্ছে আপনি আপনার সন্তানকে মনে করিয়ে দেবেন যেন সে তার চিরুনি, ব্রাশ, অথবা টুপি অন্য কোনো শিক্ষার্থীকে ব্যবহার করতে না দেয়।

আপনার কোন প্রশ্ন থাকলে দয়া করে আপনার ডাক্তারের সাথে আলাপ করুন অথবা স্কুল নার্সের সঙ্গে  
\_\_\_\_\_ নম্বরে যোগাযোগ করুন।